

জাবির ভর্তি পরীক্ষা ডিসেম্বরের শেষে

জাবি প্রতিনিধি

০৭ অক্টোবর ২০২৫, ০৯:১৬ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)। ছবি: সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) প্রথম বর্ষের (২০২৫-২৬ শিক্ষাবর্ষের) ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি। চলতি বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহ শুরু হতে পারে এবারের ভর্তি পরীক্ষা।

আজ মঙ্গলবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে নিশ্চিত করেছেন ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) সৈয়দ মোহাম্মদ আলী রেজা।

তিনি বলেন, ‘আজ অনুষ্ঠিত সভায় ভর্তি পরীক্ষার সম্ভাব্য সময় নিয়ে সিদ্ধান্ত হয়েছে। কমিটি এ বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা নেওয়ার প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে।’

তিনি আরও বলেন, ‘ভর্তি পরীক্ষা নিয়ে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মাহফুজুর রহমানের নেতৃত্বে গঠিত কমিটি ভর্তি পরীক্ষার আনুষঙ্গিক বিষয়াবলি সমন্বয় করবেন।’

ভর্তি পরীক্ষার কেন্দ্র বৃদ্ধি কিংবা ইউনিটভিত্তিক পরীক্ষা গ্রহণে কোনো পরিবর্তন আসবে কিনা জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) ও কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি অধ্যাপক মাহফুজুর রহমান বলেন, ‘এ বিষয়ে এখনো সিদ্ধান্ত হয়নি। ভর্তি পরীক্ষা কমিটি এ বিষয়ে সিদ্ধান্ত নেবে।’

উল্লেখ্য, গত ৯ ফেব্রুয়ারি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক সন্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হয়। পরীক্ষা চলে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত।

